# ALL INDIA RADIO

## আকাশবাণী শিলচর

### REGIONAL NEWS UNIT – SILCHAR

### MORNING NEWS BULLETIN

**BENGALI**

**4 February 2026** **7:35 AM IST**

==========================================================================

রাজ্যের শিক্ষা , কৃষি ও লোকনির্মাণ বিভাগে আগামী ২৭ ফেব্রুয়ারী পুনরায় ৫ হাজার পদে নিযুক্তি প্রদান করা হবে । মুখ্যমন্ত্রী ডঃ হিমন্ত বিশ্বশর্মা সামাজিক মাধ্যমে জানান যে প্রাথমিক শিক্ষা বিভাগে চার হাজারেরও বেশী পদে নিযুক্তি প্রক্রিয়া অব্যাহত রয়েছে । স্বচ্ছ নিযুক্তি প্রক্রিয়ার অংশ হিসেবে রাজ্য সরকার ১ লক্ষ ৫৬ হাজার যুবক যুবতীকে নিযুক্তি প্রদান করেছে বলে উল্লেখ করে এডি আর ই'র মাধ্যমে তৃতীয় ও চতুর্থ বর্গের নিযুক্তি সম্পন্ন করার পর চলতি মাসে নিযুক্তির সংখ্যা ১ লক্ষ ৭৫ হাজার অতিক্রম করবে বলে মুখ্যমন্ত্রী উল্লেখ করেন ।

---

হাইলাকান্দি জেলার ঘারমুরা সংরক্ষিত বনাঞ্চলের দামছড়া অঞ্চলে দুদিনব্যাপী পরিচালিত বন বিভাগের উচ্ছেদ অভিযান গতকাল শান্তিপূর্নভাবে শেষ হয়েছে । জেলা প্রশাসন সূত্র জানানো হয়েছে যে সংরক্ষিত বনাঞ্চলে দীর্ঘদিন ধরে অবৈধভাবে বসবাসকারীদের উচ্ছেদের লক্ষ্যে অঞ্চলের ২

হাজার ৮শো বিঘা সংরক্ষিত বনভূমিকে দখলমুক্ত করা হয়েছে । এরমধ্যে গতকাল দ্বিতীয় দিন প্রায় ১ হাজার ৬০০ বিঘা জমি দখলমুক্ত করা সম্ভব হয়েছে । অভিযানের প্রথম দিন ৫ , ৬ এবং ৭ নম্বর সেক্টরে এবং দ্বিতীয় দিন ১, ২ , ৩ ও ৪ নম্বর সেক্টরে অভিযান চালানো হয় । উল্লেখ্য বনাঞ্চলের জমি অবৈধভাবে দখল করে থাকা মোট ৫শো ২০টি পরিবারকে প্রশাসনের পক্ষ থেকে উচ্ছেদের জন্য নোটিশ জারী করা হয়েছিলো । উচ্ছেদ চলাকালীন আইনশৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখতে ওই অঞ্চলে ভারতীয় ন্যায় সংহিতার ১শো ৬৩ ধারা জারী করা সহ সতর্কতামূলক ব্যাবস্থা হিসেবে গতকাল দ্বিতীয় দিন দামছড়া শিক্ষা ক্লাস্টারের অধীন সব শিক্ষা প্রতিষ্ঠান বন্ধ রাখা হয় । এছাড়া সমগ্র জেলায় পুলিশ ও অতিরিক্ত নিরাপত্তা বাহিনী মোতায়েন করে কঠোর নিরাপত্তা ব্যাবস্থা গ্রহণ করা হয় ।

জেলা বন আধিকারিক ---অখিল দত্ত জানান ----বাইট---

---

ভূটানের মহারাণী গ্যালুম অশ্বী দর্জী ওয়াংম’ ওয়াংচুককে ২২ তম বড়োফা উপেন্দ্র নাথ ব্রহ্ম মানবতার সৈনিক ২০২৫ পুরস্কার প্রদান করা হয় । কোকরাঝারের বড়োলেন্ড বিশ্ববিদ্যালয়ে আয়োজিত এক অনুষ্ঠানে ভূটানের মহারাণীকে এই পুরস্কার প্রদান করা হয় । পুরস্কার গ্রহণ করে মহারাণী ওয়াংচুক বলেন যে ভারত এবং ভূটানের মধ্যে দীর্ঘদিনের বন্ধুত্বপূর্ণ সম্পর্ক সহ বড়ো সংস্কৃতি এবং জনসাধারণের সঙ্গেও ভূটানের সম্পর্ক রয়েছে । তিনি বলেন যে বর্তমান সরকারের গ্রহণ করা আঞ্চলিক অর্থনৈতিক পদক্ষেপ ভূটান এবং আসামের উন্নয়ন তথা সমৃদ্ধির ক্ষেত্রে বিশেষ অবদান যোগাবে ।

---

মূখ্যমন্ত্রীর একটি কলি-দুটি পাতা প্রকল্পে গতকাল কৈলাশপুর চা বাগানের শ্রমিকদের মধ্যে পাঁচ হাজার টাকা করে বিতরন করা হয়েছে । ধলাই-র বিধায়ক নীহার রঞ্জন দাস কৈলাশপুর চা বাগানের নাচঘরে আয়োজিত এক অনুষ্ঠানে বক্তব্য রাখতে গিয়ে জানান যে ধলাই বিধান সভার অর্ন্তগত নয়টি চা বাগানে মোট তিন হাজার তিনশ ১০ জন শ্রমিককে ইতিমধ্যে এককালীন পাঁচ হাজার টাকা করে প্রদান করা হয়েছে । সভায় অন্যান্যদের মধ্যে বিজেপির কাছাড় জেলা সম্পাদক পরেশ তাঁতি , জেলা পরিষদ সদস্য ধর্মেন্দ্র তিওয়ারী প্রমূখ উপস্থিত ছিলেন ।

---

জাতীয় বির্পযয় মোকাবিলা বাহিনীর উদ্যোগে এবং হাইলাকান্দি জেলা প্রশাসনের বির্পযয় মোকাবিলা শাখার সহযোগীতায় হাইলাকান্দি এস এস কলেজে দু দিনব্যাপী বির্পযয় মোকাবিলার মহড়া গতকাল শেষ হয়েছে । মহড়ায় জেলা প্রশাসনের দূর্যোগ ব্যবস্থাপনা বিভাগের আধিকারীক , বিভিন্ন বিভাগের আধিকারীক , কলেজের শিক্ষার্থী , শিক্ষক-শিক্ষিকা , এন সি সি এবং আপদা মিত্ররা অংশ গ্রহন করেন । মহড়ায় বির্পযয় মোকাবিলার কৌশল ও বির্পযয়ের সময় জীবন ও সম্পত্তির ক্ষয়ক্ষতি কমিয়ে আনতে বিভিন্ন তৎপরতার বিষয় নিয়ে আলোচনা করা হয় । মহড়ায় ভূমিকম্পের দৃশ্যপট তৈরী করে দ্রুত উদ্ধার , ত্রাণকার্য্য পরিচালনা এবং চিকিৎসা ব্যবস্থার প্রস্তুতি খতিয়ে দেখা হয় ।

---

লায়ন্স ক্লাব অব শিলচর সেন্ট্রালের উদ্যোগে এবং দেওয়ান চা বাগান কর্তৃপক্ষের ব্যবস্থাপনায় আজ দেওয়ান চা বাগান হাসপাতালে বিনামূল্যে চক্ষু পরীক্ষা শিবির অনুষ্টিত হবে । শিবির সকাল ১০টায় শুরু হবে ।

---

আসাম প্রিমিয়ার ক্লাব ক্রিকেট প্রতিযোগীতার ফাইনাল খেলা আজ হাইলাকান্দি জেলা ক্রীড়া সংস্থার মাঠে অনুষ্ঠিত হবে । দু দিনের এই ফাইনাল খেলায় গতবারের বিজয়ী ব্লাড মাউথ ক্লাব মুখোমূখী হবে রাইজিং ইয়ুথ স্টার ক্লাবের বিরুদ্ধে । এদিকে এই ফাইনাল ম্যাচকে কেন্দ্র করে ইতিমধ্যে ক্রীড়া প্রেমীদের মধ্যে ব্যাপক উৎসাহ-উদ্দীপনা দেখা যাচ্ছে ।